প্রধানমন্ত্রীর গাড়িবহরে হামলার প্রধান আসামি গ্রেপ্তার

সাতক্ষীরায় প্রধানমন্ত্রীর গাড়িবহরে হামলার প্রধান আসামিকে গ্রেপ্তার করা হয়েছে। চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার মোহাম্মদপুর এলাকায় অভিযান চালিয়ে গতকাল শনিবার (২ সেপ্টেম্বর) দিবাগত রাত ২টার দিকে তাকে গ্রেপ্তার করে র্যাব।

গ্রেপ্তার আলাউদ্দিনক (৪৩) সাতক্ষীরার কলারোয়া থানার কিসমত ইলিশপুর গ্রামের মৃত মোকছেদ আলীর ছেলে।

ঝিনাইদহ র্যাব-৬-এর কমান্ডিং অফিসার মো. ইশতিয়াক হোসাইন জানান, র্যাবের একটি গোয়েন্দা দল পলাতক আসামিদের গ্রেপ্তারের লক্ষ্যে গোয়েন্দা তৎপরতা শুরু করে। এরই ধারাবাহিকতায় গতকাল শনিবার দিবাগত রাতে র্যাবের একটি চৌকস আভিযানিক দল গোয়েন্দা তথ্যের ভিত্তিতে জানতে পারেন প্রধানমন্ত্রীর গাড়ি বহরে হামলাকারী ১৬ বছরের সাজাপ্রাপ্ত আসামি আলাউদ্দিন চুয়াডাঙ্গার দর্শনা থানার মোহাম্মদপুর এলাকায় আত্মগোপনে রয়েছে। এমন সংবাদের ভিত্তিতে ওই এলাকায় অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করা হয়।

২০০২ সালের ৩০ আগস্ট তৎকালীন বিরোধী দলীয় নেত্রী বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা ধর্ষণের শিকার এক নারীকে দেখতে সাতক্ষীরা সদর হাসপাতালে আসেন। ভুক্তভোগীকে সান্ত্বনা দিয়ে ফেরার পথে সাতক্ষীরা জেলার কলারোয়া থানা এলাকায় সন্ত্রাসীরা পথরোধ করে তাকে (শেখ হাসিনা) হত্যার উদ্দেশ্যে আগ্নেয়াস্ত্র, হাত বোমাসহ গাড়িবহরে হামলা চালায়। গ্রেপ্তার আসামি আলাউদ্দিন ওই হামলার পরিকল্পনাকারী ও বিস্ফোরক বহনকারীদের মধ্যে অন্যতম।

আরও পড়ুন প্রধানমন্ত্রীর গাড়িবহরে হামলাকারী কে এই আলাউদ্দিন

ঝিনাইদহে দুই যুবকের মরদেহ উদ্ধার

ঝিনাইদহে পৃথক পৃথক স্থান থেকে অমিতাভ সাহা ও গোকুল চন্দ্র নামে দুই যুবকের লাশ উদ্ধার করেছে পুলিশ। আজ রোববার সকালে ঝিনাইদহ শহরের পুরাতন ধোপাঘাটা ব্রীজের গোবিন্দপুর এলাকা থেকে অমিতাভ সাহা ও কালীগঞ্জ উপজেলার বারবাজার এলাকা থেকে গোকুল চন্দ্র’র মরদেহ উদ্ধার করা হয়।

পুলিশ ও স্থানীয়রা জানান, সকালে ধোপাঘাটা পুরাতন ব্রীজের সামনে টার্মিনাল সড়কের এলাকার রাস্তার পাশে ঝোঁপের মধ্যে বস্তাবন্দি লাশ পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেয় এলাকাবাসী। পরে পুলিশ এসে অমিতাভ সাহার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠায়।

অমিতাভ সাহার স্ত্রী তৃষা নন্দি জানান, তারা মাগুরার বিনোদপুর এলাকার বাসিন্দা। মাগুরা কোর্টের মধ্যে তার স্বামীর একটা দোকান ছিল। তার স্বামীকে চাকরি দেওয়ার কথা বলে গত ৩১ আগস্ট বাসা থেকে ডেকে নিয়ে আসে হাটগোপাল পুরের সাবেক চেয়ারম্যানের চাচাতো ভাই রাজু হোসেন নামের এক ব্যক্তি। রাত হয়ে গেলেও সে বাসায় ফেরে না। এরপর থেকে সে নিখোঁজ ছিলো। রোববার সকালে শুনেন তার স্বামীর মরদেহ ঝিনাইদহের ধোপাঘাটা এলাকায় পাওয়া গেছে। তার স্বামীকে হত্যা করা হয়েছে। তিনি স্বামী হত্যার বিচার চান। ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবিদুর রহমান এবং সদর থানার অফিসার ইনর্চাজ (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, মুখে পলিথিন মোড়ানো ও বস্তাবন্দি ছিলো মরদেহটি। ফরিদপুরের আলফাডাঙ্গা এলাকার বাসিন্দা অমিতাভ সাহা নামের ওই যুবককে অন্য কোথাও হত্যা করে ঘটনাস্থলে লাশ ফেলে রেখে গেছে দুর্বৃত্তরা বলে প্রাথমিক ভাবে ধারণা করছে পুলিশ।

অপরদিকে ঝিনাইদহ-যশোর মহাসড়কের কালীগঞ্জ উপজেলার বারবাজার এলাকার একটি তেলপাম্পের পাশের মাঠের মধ্যে বৈদ্যুতিক পিলারের সাথে গলায় দড়ি বাঁধা অবস্থায় গোকুল চন্দ্র নামে এক যুবকের ঝুলন্ত মরদেহ দেখে পুলিশকে খবর দেওয়া হয়। পুলিশ এসে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠায়। গোকুল চন্দ্র ময়মনসিংহের ত্রিশাল এলাকার জীবন চন্দ্র কর্মকারের ছেলে।

স্থানীয়রা জানায়, সকালে তেলপাম্পের পাশের মাঠের মধ্যে বৈদ্যুতিক পিলারের সাথে গলায় দড়ি বাঁধা অবস্থায় ঝুলন্ত মরদেহ দেখে পুলিশকে খবর দেওয়া হয়। পুলিশ এসে লাশ উদ্ধার করে।

কালীগঞ্জ থানার অফিসার ইনর্চাজ (ওসি) মাহাবুবুর রহমান জানান, ওই যুবক মানসিক প্রতিবন্ধী। পরিবারের সাথেও কোন যোগাযোগ ছিলো না। বিভিন্ন আশ্রমে থাকতো। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে সে আত্মহত্যা করেছে। হত্যার কোন আলামত পাওয়া যায়নি। শরীরে কোন আঘাতের চিহ্ন নেই। তারপরও মৃত্যুর সঠিক কারণ জানতে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

কোটচাঁদপুরে বিএনপির ৪৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে পুলিশের বাধা উপেক্ষা করে নানা আয়োজনের মধ্য দিয়ে বিএনপি’র (৪৫) তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

গতকাল শুক্রবার সকালে উপজেলা ও পৌর বিএনপি’র আয়োজনে উপজেলা ও পৌর কার্যালয়ের সামনে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। বিকালে স্থানীয় মেইন বাসষ্টান্ড উপজেলা বিএনপির কার্যালয়ের সামনে থেকে একটি মিছিল বের হয়ে খান আবাসিকের সামনে পৌছালে মিছিল টি তে পুলিশ বাধা দেয়। বাধা উপেক্ষা করে পৌর পাঠাগারের সামনে গিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির তথ্য ও গবেষণা বিষয়ক সহ-সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুল।

সভাপতিত্ব করেন উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সভাপতি এ্যাডঃ আব্দুল মজিদ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-

সভাপতি আবুবকর বিশ্বাস, পৌর বিএনপি’র সভাপতি ও সাবেক পৌর মেয়র সালাহউদ্দীন বুলবুল সিডল, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী

পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক মোঃ হারুন অর রশীদ, উপজেলা বিএনপির সহ-সভাপতি প্রভাষক মোঃ সাইফুর রহমান পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু, সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইকরামুল হক,উপজেলা বিএনপি দপ্তর সম্পাদক মোঃ শহিদুল ইসলাম ভূঁইয়া, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খাঁন মুকুল, সদস্য সচিব মাহফুজ আলম মামুন, উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান সিদ্দিক, পৌর যুবদলের আহ্বায়ক ফয়েজ আহমেদ তুফান, সদস্য সচিব সেলিম রেজা মধু, যুগ্ম আহ্বায়ক আবু তালেব রিপন, উপজেলা ছাত্রদের আহ্বায়ক নাছির উদ্দীন লিয়ন,সদস্য সচিব হুমায়ূন কবির হিরা, পৌর ছাত্র দলের আহ্বায়ক নিশু, সদস্য সচিব ফজলে রাব্বি প্রমূখ।

এসময় উপজেলা ও পৌর বিএনপি সহ সকল অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে জাতীয় যুবজোটের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে জাতীয় যুবজোটের ১৯তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। গতকাল শুক্রবার সকালে শহরের উদয়ন স্কুল মাঠে জেলা যুবজোটের উদ্যোগে এই প্রতিষ্ঠা বাষির্কী পালন করা হয়।

জেলা যুবজোটের সভাপতি মনিরুজ্জামামান উজ্জলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তি।

এছাড়াও জাসদের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক, দপ্তর সম্পাদক শাহানুর আলম, যুবজোটের সাধারণ সম্পাদক আশানুর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ বক্তব্য দেন।

এসময় বক্তারা বলেন বেকার যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। দেশে ঘুষ দুর্নীতি বন্ধ করে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য কমাতে হবে। যুবকদের চাকুরিতে প্রবেশের বয়স ৩৩ বছর করার দাবি জানান। এছাড়া বিএনপি, জামায়াত-শিবির ও যুদ্ধাপরাধীদের তান্ডব প্রতিহত করতে যুবসমাজকে ঐক্যবদ্ধ ভাবে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে স্বাধীনতার পক্ষের শক্তি ১৪দলীয় জোটের পক্ষের প্রার্থীদের নির্বাচিত করার আহবান জানান।

ঝিনাইদহে বিএনপি’র ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

নানা আয়োজনে বিএনপি’র ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে। আজ শুক্রবার সকালে ঝিনাইদহ জেলা বিএনপি’র আয়োজনে শহরের এইচএসএস সড়কের দলীয় কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে আলোচনা মঞ্চে গিয়ে শেষ হয়। পরে সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এম এ মজিদ এর সভাপতিত্বে জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুগ্ম-সাধারন সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, উপজেলা বিএনপির সভাপতি কামাল আজাদ পান্নুসহ বিএনপি ও এর অন্যান্য সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, অবৈধ সরকার আজ দেশের গণতন্ত্রকে হত্যা করে মানুষের স্বাধীনতা হরণ করে পুলিশ দিয়ে জোর করে ক্ষমতায় বসে আসে। দেশের মানুষের ভোটাধিকার ও গনতন্ত্র ফিরিয়ে আনতে আগামী দিনের আন্দোলন সংগ্রামে সকলকে ঐক্যবদ্ধ হয়ে রাজপথে থাকার আহবান জানান তারা।

কোটচাঁদপুর বিএনপি’র ৪৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রস্তুতি সভা

ঝিনাইদাহের কোটচাঁদপুর উপজেলায় বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

কোটচাঁদপুর ৫নং এলাঙ্গী ইউনিয়ন বিএনপির আয়োজনে বুধবার বিকালে উপজেলা বিএনপির মেন বাস স্ট্যান্ডে দলীও কার্যালয়ে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ ইকরামুল হক এর সভাপতিত্বে,প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সহ-সভাপতি প্রভাষক মোঃ সাইফুর রহমান মিন্টু,উপজেলা বিএনপির তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক মোঃ মঈন উদ্দিন খান, এলাঙ্গী ইউনিয়ন বিএনপি সাধারণ সম্পাদক মোঃ মনিরুজ্জামান খোকা, সাংগঠনিক সম্পাদক মোঃ গোলাম মোস্তফা মন্টু,এলাঙ্গী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের সভাপতি সাধারণ সম্পাদকসহ বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এ সময় নেতৃবৃন্দরা বলেন আগামী পহেলা সেপ্টেম্বরে দলের প্রতিষ্ঠাবার্ষিকীতে সকল স্তরে নেতৃবৃন্দের উপস্থিতি কামনা করেন

ঝিনাইদহে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ১ জনের মৃত্যু, আক্রান্ত

৫’শ ৯জন

ঝিনাইদহে দিন দিন বাড়ছে ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘন্টায় ঝিনাইদহ সদর হাসপাতালসহ বিভিন্ন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ২৫ জন নতুন রোগী ভর্তি হয়েছে। মারা গেছে ১ জন। এ পর্যন্ত মোট আক্রান্তের সংখ্যা ৫’শ ৯জন তার মধ্যে সুস্থ হয়ে বাসায় ফিরেছেন ৪৫৫ জন। বর্তমানে হাসপাতালে ভর্তি আছেন ৫৩ জন।

সিভিল সার্জন ডা: শুভ্রা রানী দেবনাথ জানান, গতকাল মঙ্গলবার সকাল থেকে আজ বুধবার সকাল পর্যন্ত জেলার ৬ উপজেলায় সর্বমোট ২৫ জন নতুন রোগী ভর্তি হয়েছে এবং বর্তমানে হাসপাতালগুলোতে ৫৩ জন রোগী ভর্তি রয়েছে। এ নিয়ে এ বছর জেলায় মোট আক্রান্তের সংখ্যায় ৫’শ ৯ জন এবং সুস্থ হয়েছেন ৪৫৫ জন।

আজ বুধবার সকালে শৈলকুপায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মানিক শেখ (৪৫) নামের একজনের মৃত্যু হয়েছে। মৃত মানিক শেখ শৈলকুপা উপজেলার দিগনগর গ্রামের দবির শেখের ছেলে। সে ২ দিন যাবত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন ছিলেন।

ঝিনাইদহে সুইপার কলোনী স্থাপনের সিদ্ধান্তে প্রতিবাদ ও বিক্ষোভ

ঝিনাইদহ পৌর মডেল স্কুল এন্ড কলেজের প্রস্তাবিত স্থানে সুইপার কলোনী স্থাপনের সিদ্ধান্তের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও স্মারক লিপি দিয়েছে এলাকাবাসী।

বুধবার (৩০ আগস্ট) সকালে পৌরসভা ঘোরাও করে বিক্ষোভ করে পৌরসভার ১নং ওয়ার্ডের বাসিন্দারা। সে সময় তারা বলেন, শহরের বিশ^রোড সংলগ্ন কলাহাটের পাশে পৌর মডেল স্কুল এন্ড কলেজ নির্মানের জন্য জায়গায় ক্রয় করা হলেও সেখানে সুইপার কলোনী করার

সিদ্ধান্ত গ্রহন করে পৌর কর্তৃপক্ষ। এতে স্থানীয় বাসিন্দাদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে। ঘেরাও বিক্ষোভ শেষে পৌরসভার মেয়র কায়ূম শাহরিয়ার জাহেদী হিজলের নিকট সিদ্ধান্ত বাতিলের দাবিতে স্মারকলিপি প্রদান করা হয়।

এসময় জেলা পরিষদ চেয়ারম্যান হারুন-অর-রশিদ, ১নং ওয়ার্ডের সাবেক কমিশনার জাহিদুল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। সিদ্ধান্ত বাতিল না করা হলে পরবর্তীতে কঠোর কর্মসূচির হুশিয়ারী দেন বিক্ষোভকারীরা।

এ ব্যাপারে ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার হিজলকে বার বার ফোন করা হলেও তার বক্তব্য পাওয়া যায়নি।

ঝিনাইদহে ফেন্সিডিলসহ এক মাদক কারবারি আটক

ঝিনাইদহে যাত্রীবাহী বাসে তল্লাশি চালিয়ে ৭০ বোতল ফেন্সিডিলসহ এক মাদককারবারিকে আটক করেছে সদর থানা পুলিশ।

মঙ্গলবার (২৯ আগস্ট) সকালে ঝিনাইদহ-ঢাকা মহাসড়কের পলিটেকনিক ইনস্টিটিউট এলাকায় একটি বাস থেকে তাকে আটক করা হয়।

পুলিশ জানায়, থানার উপ-পরিদর্শক মোমিনুর রহমানের নেতৃত্বে সদর থানা পুলিশের একটি টিম ওই এলাকায় নিয়মিত তল্লাসী অভিযান চালিয়ে খান পরিবহনের যাত্রীবাহী বাস থেকে বাসের যাত্রী মাগুরা জেলার মোহাম্মদপুর উপজেলার বলরামপুর গ্রামের আমজাদ হোসেনের ছেলে সুমন মিয়াকে (৩০) তল্লাশি করে বিশেষ কায়দায় রাখা ৭০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। এসময় তাকে আটক করা হয়।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা বিষয়টি নিশ্চিত করে জানান, আটক সুমন মিয়ার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা হয়েছে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]